যুগান্তর

৪/৮/২০০৭

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

# চট্টগ্রামে কলেজে কলেজে ভর্তিযুদ্ধ শুরু : ছাত্র-অভিভাবকরা উদ্বিগ্ন

শহীদুল্লাহ শাহরিয়ার, *চট্টগ্রাম ব্যুরো*

চট্টগ্রামে একাদশ শ্রেণীতে ভর্তির ব্যাপারে ছাত্র-অভিভাবকদের মধ্যে উদ্বেগ-উৎকণ্ঠা বিরাজ করছে। কলেজগুলোতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। কিন্তু আসন সংখ্যা সীমিত হওয়ায় এবং অঘোষিত 'কোটা' প্রথা থাকায়, অন্তত ১০ হাজার মেধাবী ছাত্র তাদের পছন্দের কলেজে ভর্তি হতে পারবে না।

চট্টগ্রামে বিশেষ করে মহানগরীতে লেখাপড়ার মান বিবেচনায় ৭/৮টি নামিদামি কলেজ থাকলেও ভর্তিযুদ্ধ চলবে মূলত ৩/৪টিতে। এর মধ্যে ছাত্রদের জন্য চট্টগ্রাম কলেজ এবং বাণিজ্য বিভাগে ভর্তিচ্ছুদের জন্য সরকারি কমার্স কলেজ প্রথম পছন্দের। বেসরকারি কলেজ হিসাবে ইস্পাহানী পাবলিক স্কুল অ্যান্ড কলেজের দিকে ছাত্রদের ভর্তির ঝোঁক থাকলেও ওই কলেজে নিজেদের ছাত্রদের ভর্তি করার পরেই বাইরের ছাত্রদের আবেদন বিবেচনা করা হয়। ফলে ওই কলেজে বাইরের ছাত্র তেমন ভর্তি হতে পারে না। এসব কলেজে ভর্তি হতে না পেরে শেষ পর্যন্ত ছাত্ররা মুহসীন কলেজ, সিটি কলেজ, ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, নাসিরাবাদ মহিলা কলেজসহ অন্যান্য কলেজে ভর্তি হয়। এসব কলেজে বিভিন্ন গ্রুপের আসন সংখ্যা রয়েছে ৩ থেকে ৪ হাজার। সব কলেজই ভর্তির জন্য জিপিএ নির্ধারণ করেছে সর্বনিম্ন ৩ থেকে ৪-এর ওপরে। অবশ্য মানবিক বিভাগের জন্য কোন কোন কলেজ জিপিএ-২ নির্ধারণ করেছে। চট্টগ্রাম বোর্ডে জিপিএ-৫

চট্টগ্রাম : পৃষ্ঠা : ২ কলাম : ৪

## চট্টগ্রাম : ভর্তিযুদ্ধ

(৩ পৃষ্ঠার পর)

কেউ পায়নি।

সংশ্লিষ্ট সূত্র জানায়, চট্টগ্রাম বোর্ডের অধীনে এবারের এসএসসি পরীক্ষায় জিপিএ-৪ থেকে ৫-এর নিচে পেয়ে উত্তীর্ণ হয়েছে ১৪ হাজার ৮৮ জন। এর মধ্য থেকে কিছুসংখ্যক ছাত্রছাত্রী নার্সিং, ইঞ্জিনিয়ারিংসহ অন্যান্য বিষয়ে ভর্তি হলেও অন্তত ১০ হাজার ছাত্রছাত্রী উল্লিখিত কলেজগুলোতে ভর্তির মুখ দেখবে না।

সূত্র জানায়, চট্টগ্রাম কলেজে ১ আগস্ট থেকে ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে। তারা ভর্তি পরীক্ষা নেবে ৯ আগস্ট। এ কলেজে আসন সংখ্যা ৮০০। এর মধ্যে বিজ্ঞান বিভাগে ৪৫০ ও মানবিকে ৩৫০টি আসন রয়েছে। বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে জিপিএ ৪.২৫ এবং মানবিক বিভাগের জন্য জিপিএ ৩.২৫ নির্ধারণ করেছে। সরকারি কমার্স কলেজে আসন রয়েছে মাত্র ২০০। এই কলেজেও ইতিমধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু হয়ে গেছে।

এদিকে ইস্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজে একাদশ বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে আসন রয়েছে ১০০ করে ২০০। আগামী সপ্তাহ থেকে তারা ফরম বিতরণ শুরু করবে ঠিকই কিন্তু অগ্রাধিকার ভিত্তিতে নিজেদের ছাত্র ভর্তি করার পর চিন্তা করবে অন্যদের কথা। ফলে ওই কলেজে তাদের হিসাব মতে ৮৮ থেকে ১০০ জন মাত্র বাইরের ছাত্র ভর্তি হতে পারবে। এছাড়া মুহসীন কলেজে ৩ গ্রুপের জন্য মোট আসন রয়েছে ১১০০, নাসিরাবাদ মহিলা কলেজে ৬০০ এবং ক্যান্টনমেন্ট পাবলিক কলেজে ৫০০ আসন রয়েছে। এসব কলেজেও ইতিমধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে।